ডাকযোগে/ফ্যাক্সযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.২৬.০০৪.০৬ (অংশ-১)-১৪ — তারিখঃ ১৮-০৩-২০১৮খ্রিঃ

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল(সিডিসি) এর আওতায় গাড়ীনং ঢাকা মেট্রো-ঠ-১১-৭৪৯৯ এর মেরামত বাবদ ৯৯,৩০০/- টাকা, ঢাকা মেট্রো-ঘ-১৩-৫৮৯৪ এর মেরামত বাবদ ৯৯,৯০০/-টাকা, ঢাকা মেট্রো-ঘ-১৩-২৫৯৮ এর মেরামত বাবদ ৯৯,৭০০/- টাকা এবং ঢাকা মেট্রো-ঘ-১৩-২৫৯৪ এর মেরামত বাবদ ৯৮,৫০০/- টাকার প্রশাসনিক অনুমোদন ও ব্যয় মঞ্জুরী প্রসঙ্গে।

সূত্রঃ ১। স্বাস্থ্য অধিদপ্তরের পত্র নং-স্বা:অধি/রো:নি:/যানবাহন/৮৩৭, তারিখ: ২০.০২.২০১৮,
২। স্বাস্থ্য অধিদপ্তরের পত্র নং-স্বা:অধি/রো:নি:/যানবাহন/৮৩৩, তারিখ: ২০.০২.২০১৮,
৩। স্বাস্থ্য অধিদপ্তরের পত্র নং-স্বা:অধি/রো:নি:/যানবাহন/৮৩৪, তারিখ: ২০.০২.২০১৮,
৪। স্বাস্থ্য অধিদপ্তরের পত্র নং-স্বা:অধি/রো:নি:/যানবাহন/৮৩৫, তারিখ: ২০.০২.২০১৮,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল (সিডিসি) এর আওতায় গাড়ী নং ঢাকা মেট্রো-ঠ-১১-৭৪৯৯ এর মেরামত বাবদ ৯৯,৩০০/- টাকা, ঢাকা মেট্রো-ঘ-১৩-৫৮৯৪ এর মেরামত বাবদ ৯৯,৯০০/- টাকা, ঢাকা মেট্রো-ঘ-১৩-২৫৯৮ এর মেরামত বাবদ ৯৯,৭০০/- টাকা এবং ঢাকা মেট্রো-ঘ-১৩-২৫৯৪ এর মেরামত বাবদ ৯৮,৫০০/- টাকার প্রশাসনিক অনুমোদন ও ব্যয় মঞ্জুরীর নিমিত্ত নিম্নবর্ণিত তথ্যাবলী/কাগজপত্র প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

(১) গাড়িটির মেরামতের যন্ত্রপাতির কার্যাদেশ;
(২) সরকারি যানবাহন কারখানা কর্তৃক প্রত্যায়ন পত্র;
(৩) দরপত্র ও প্রস্তাব মূল্যায়ণ কমিটির সভার কার্য বিবরণী ;
(৪) টেমো কর্তৃক প্রেরিত কাগজপত্র সত্যায়ন পূর্বক প্রেরণ;
(৫) গাড়ীটির বর্তমান Book Value কত?
(৬) গাড়ীটি কত তারিখে ক্রয় করা হয়েছিল;
(৭) গাড়ী ব্যবহারকারীর নাম;
(৮) গাড়ীটি প্রকল্পের কাজে ব্যবহার হচ্ছে কিনা;
(৯) গাড়ীটি কোন প্রকল্প/অপারেশন প্ল্যান থেকে ক্রয় করা হয়;
(১০) গাড়ীটি ক্রয়ের পর হতে কতবার মেরামত করা হয় ও ব্যয়কৃত অর্থের পরিমান;
(১১) বর্তমান অর্থ বছরে (২০১৭-২০১৮) মেরামত খাতে বরাদ্দকৃত অর্থের পরিমান;
(১২) গাড়ীটি টিওএন্ডইভূক্ত গাড়ী কিনা ;
(১৩) অপারেশনাল প্ল্যানের অধীন মোট গাড়ীর সংখ্যা ও ধরণ;

২৮-০৩-২০১৮

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩

পরিচালক (রোগ নিয়ন্ত্রন) ও লাইন ডাইরেক্টর সিডিসি,
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। যুগ্মসচিব (এফএমএইউ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০.১৭২.২৬.০০৪.০৬ (অংশ-১)- ৫২ তারিখঃ ২০.০৩.২০১৮ খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল (সিডিসি) এর আওতায় ঢাকা মেট্রো-ঘ-১৩-৫৮৯৮ গাড়ীটি মেরামত বাবদ ৯৯,৭০০/- টাকার প্রশাসনিক অনুমোদন ও ব্যয় মঞ্জুরী প্রদান প্রসংগে।

সূত্রঃ নং- স্বাস্থ্য অধিদপ্তরের পত্র নং-স্বা:অধি/রো:নি:/যানবাহন/৮৩৬, তারিখ: ২০.০২.২০১৮,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল (সিডিসি) অপারেশনাল প্ল্যানের ঢাকা মেট্রো-ঘ-১৩-৫৮৯৮ গাড়ীটি মেরামত বাবদ ৯৯,৭০০/- টাকা পরিশোধের প্রশাসনিক অনুমোদন ও ব্যয় মঞ্জুরী প্রদানে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

০২। এ ব্যয় চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরের ২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের "কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল" শীর্ষক অপারেশনাল প্ল্যানের অনুকূলে (কোড নং-৫-২৭১১-৫০২২)"এর গাড়ী মেরামত খাতের অর্থ হতে সংকুলান করা হবে। তবে শর্ত থাকে যে;

(ক) এই মেরামত প্রক্রিয়ায় সরকারী যানবাহন মেরামতের নীতিমালা অনুসরণ করতে হবে ;
(খ) পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস-২০০৮ অনুসরণসহ যাবতীয় সরকারী আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
(গ) মেরামতের পর বিধি অনুযায়ী টেমো কর্তৃক সন্তোষজনক প্রত্যয়ন প্রেরণ করতে হবে;
(ঙ) মেরামতকারী প্রতিষ্ঠান কর্তৃক নির্দিষ্ট মেয়াদ/দূরত্বের চলাচলের অংগীকার পত্র প্রেরণ করতে হবে;
(চ) মেরামত সংক্রান্ত যাবতীয় প্রমাণ পত্রের সত্যায়িত ছায়ালিপি প্রেরণ করতে হবে এবং যথাযথভাবে এন্ট্রি করতে হবে;
(ছ) এই অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩

নং-৪৫.০০.০০.১৭২.২৬.০০৪.০৬ (অংশ-১)- তারিখঃ ২০.০৩.২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। যুগ্মসচিব (এফএমএইউ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। পরিচালক (রোগ নিয়ন্ত্রন) ও লাইন ডাইরেক্টর (সিডিসি),স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন), স্বাস্থ্য সেবা বিভাগ এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

20.03.2018

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
**www.mohfw.gov.bd**

নং- ৪৫.০০.০০০০.১৭২.০২.০০৭.২০১৭-৮৭ তারিখঃ ১৯.০৩.২০১৮খ্রি:

বিষয় : ৩য় স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি(HPNSDP)'র অধীন "হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট' শীর্ষক অপারেশনাল প্ল্যানের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে সিভিল সার্জন, রাজবাড়ী এর নিয়ন্ত্রণাধীন জেলা সদর হাসপাতালের জন্য কোড ৪৮৬৮ ও কোড ৪৮৭১ হতে বরাদ্দের বিপরীতে মেডিকেল এন্ড সার্জিকেল সাপ্লাই এবং বেডিংএন্ড ক্লথিং মালামাল সরবরাহের বিল পরিশোধ সংক্রান্ত।

সূত্র: স্বাহ্য অধিদপ্তর হতে প্রাপ্ত পত্র নং- স্বা:অধি:/হ:সা:ম্যা:/রাজবাড়ী/২০১৭-১৮/২৯০০,তারিখ: ২৫.০৯.২০১৭খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ঠিকাদারকে কেন বিলম্বে ২৯/১২/২০১৬ তারিখে ব্যয় মঞ্জুরী দেয়া হয়েছে এবং কেন বিল দাখিল না করে CS ঢাকায় কর্মশালায় এসেছেন-যার কারণে সরবরাহকারী বিলের টাকা পাননি- বিষয়গুলো তদন্ত করে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য এবং ৩য় HPNSDP এর অপরিশোধিত টাকা ৪র্থ HPNSP-তে পরিশোধ করার বিধি/আইনগত ভিত্তি জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭-০৩.২০১৮

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩

পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ) এবং
লাইন ডাইরেক্টর (হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট),
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
২। যুগ্মসচিব(প্রবা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং ৪৫.০০.০০০০.১৭২.১০১২.১২.১৭-৮৯ তারিখঃ ১৯.০৩.২০১৮খ্রিঃ

বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন "পটুয়াখালী মেডিকেল কলেজ এবং হাসপাতাল স্থাপন প্রকল্প, পটুয়াখালী' শীর্ষক প্রকল্পের অনুকূলে সৃষ্ট পদে জনবল নিয়োগের তফসিল অনুমোদনসহ প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত।

সূত্রঃ পমেক/পিডি/পটুয়া/২০১৭-২০১৮/৮৩, তারিখ:-১৩/০৩/২০১৮খ্রি:

জনাব

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন "পটুয়াখালী মেডিকেল কলেজ এবং হাসপাতাল স্থাপন প্রকল্প, পটুয়াখালী" শীর্ষক প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তফসিল অনুমোদনসহ সরাসরি পদ্ধতিতে মোট ০১ (এক) জন জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলোঃ

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স-সীমা | শূন্য পদের সংখ্যা | নিয়োগ পদ্ধতি | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | অফিস সহকারী কাম-ডাটা এন্ট্রি কম্পিউটার অপারেটর | ০১ (এক) টি | ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ (সাকুল্য বেতন) | ১৮-৩০ বছর | ০১ | সরাসরি নিয়োগ | এইচ এস সি/সমমানের পাশ হইতে হইবে/কম্পিউটার হিসাবে এমএস ওয়ার্ড /সফটওয়ার/এক্সেল/ ডাটা এন্ট্রি ইত্যাদিতে প্রশিক্ষণ থাকিতে হইবে। | ডাটা এন্ট্রি অপারেটর হিসাবে দক্ষতা নিরুপ৪ন পরীক্ষা (Aptitude test) এ অবশ্যই উত্তীর্ণ হতে হবে। | শূণ্য |

২। শর্তসমূহ :

(ক) এই নিয়োগের ক্ষেত্রে অনুমোদিত নিয়োগ তফসিল এবং সরকারী নিয়োগ সংক্রান্ত প্রচলিত সমস্ত বিধি-বিধান যথা- বয়স, শিক্ষাগত যোগ্যতা এবং মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য প্রচলিত কোটা পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(খ) নিয়োগ তফসিলে বর্ণিত পদসমূহের বেতনভাতা সাকুল্য (কনসোলিডেটেড পে) বেতনে চুক্তি ভিত্তিক (শুধু প্রকল্প চলাকালীন সময়ের জন্য) করতে হবে। প্রকল্পের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নিয়োগ পত্রই অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে;

(গ) প্রকৃত শূন্য পদ ব্যতিরেকে কোন পদে নিয়োগ প্রদান করা যাবে না;

(ঘ) এ বিভাগের অনুমোদিত কমিটির মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে;

(ঙ) পূরণকৃত পদ পুনরায় শূন্য হলে নিয়োগের পূর্বে এ বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

(চ) নিয়োগ সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালন বা অন্য কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

স্বা:
(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩

প্রকল্প পরিচালক,
পটুয়াখালী মেডিকেল কলেজ এবং হাসপাতাল স্থাপন প্রকল্প,
পটুয়াখালী"

নং ৪৫.০০.০০০০.১৭২.১০১২.১২.১৭-১৬৯ — তারিখঃ ১৯.০৩.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পটুয়াখালী।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

১৯.০৩.২০১৮
(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব